



সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।
www.scc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৭.০০০০.০৭৮.১৪.০৪৫.২১ - ১১৬৪

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


বিষয়: প্রবিধান প্রণয়নে কারিগরি কমিটি গঠন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর- ৪৬.০০.০০০০.০৭১.২২.০১৪.২০১৯-১৬৬ মূলে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ (২০০৯ সালের ৬০ নম্বর আইন) এর ধারা ১২১ এর উপধারা (১) (২) মোতাবেক প্রবিধান প্রণয়নের জন্য নির্দেশনা রয়েছে। এতদউদ্দেশ্যে পূরণকল্পে স্থানীয় সরকার বিভাগ ২০২০ সালে জাইকার কারিগরি প্রকল্প “ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন” প্রকল্পের সহায়তায় ‘সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান ২০২০’ ও ‘সিটি কর্পোরেশন অভিযোগ প্রতিকার ও মতামত প্রবিধান ২০২০’ প্রণয়ন করে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত মডেল প্রবিধানের আলোকে অত্র সিটি কর্পোরেশনের প্রবিধান প্রণয়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনের কৌশলপত্র কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রবিধান প্রণয়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের নিয়ে কারিগরি কমিটি গঠন করা হলো-

ক্রমিক নং	পদবী	কমিটির পদবী
১।	প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব), সিলেট সিটি কর্পোরেশন।	আহ্বায়ক
২।	প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য
৩।	প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য
৪।	হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য
৫।	প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য
৬।	জনাব জয়দেব বিশ্বাস, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ও তথ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য
৭।	সচিব, সিলেট সিটি কর্পোরেশন।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- এ কারিগরি কমিটি স্থানীয় সরকার বিভাগের মডেল প্রবিধান পর্যালোচনার জন্য কমিটির সভা আয়োজন করবে;
- কমিটি প্রবিধান পর্যালোচনা পূর্বক উক্ত প্রবিধানের আলোকে অত্র সিটি কর্পোরেশনের জন্য খসড়া প্রবিধান প্রণয়ন করবে;
- খসড়া প্রবিধান প্রণয়নের পর কমিটি পর্যালোচনা ও মতামত এবং পরামর্শের জন্য সংশ্লিষ্ট স্থায়ী কমিটির নিকট প্রেরণ করবে;
- সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মতামত ও পরামর্শ খসড়া প্রবিধানে সংযোজন করার পর সিটি কর্পোরেশনের সাধারণ সভায় উত্থাপন করবে;
- সাধারণ সভায় অনুমোদনের পর সিটি কর্পোরেশনের প্রবিধান ভেটিং ও গ্যাজেটের জন্য এলজিডির নিকট প্রেরণ করা হবে।


(মোহাম্মদ বদরুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.০৭.০০০০.০৭৮.১৪.০৪৫.২১ - ১১৬৪(৬)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে):

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। Ms. Naoko Anzai, Chief Advisor, JICA-C4C-2 Project।
- ০৩। মাননীয় মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব, মেয়র মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।


প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন